দৈনিক ইনকিলাব

08 AUG 1988
তারিখ ...
পৃষ্ঠা... 5 কলাম 3 ...

029

# শিক্ষাঙ্গন

## মৌলভীবাজার জেলার প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান

মৌলভীবাজার জেলায় মোট ৬৯৩টি সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং ১৩৯টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় আছে। এসব বিদ্যালয়ে অধ্যায়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা ১ লাখ ৪৪ হাজার ১শ' ৯০ জন সরকারী এবং ৩৩ হাজার ৪শ' ৭৪ জন বেসরকারী। এর তুলনায় শিক্ষক-শিক্ষ[illegible] সংখ্যা খুবই অপ্রতুল।

মোট ২ হাজার ১শ' ৯৮ জন শিক্ষক ও শিক্ষয়ত্রী আছেন। এর মধ্যে ৫২টি পদ শূন্য অবস্থায় পড়ে আছে। এই শূন্য পদের মধ্যে ১৮ জন প্রধান শিক্ষকের পদ, বাকীগুলো শিক্ষক-শিক্ষয়ত্রীর পদ। অর্থাৎ ১৮টি প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ছাড়াই চলছে।

ফেসেলিটিজ বিভাগের উন্নয়নমূলক কাজের গতি খুবই শ্লথ।

গত '৮৭-'৮৮ অর্থ বছরে যে ১১টি বিদ্যালয়ের নির্মাণ কাজ শুরু হয়েছিল তা এখন পর্যন্ত শেষ হয়নি। এগুলোর মধ্যে সদর উপজেলায় ৪টি, রাজনগর উপজেলায় ২টি, শ্রীমঙ্গল উপজেলায় ১টি এবং বড়লেখা উপজেলায় ৩টি।

গত ঘূর্ণিঝড়ে ২৭টি বিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয়। এর মধ্যে ১০টি বিদ্যালয় সম্পূর্ণরূপে বিধ্বস্ত হয়। বাকীগুলো আংশি[illegible]বে ক্ষতিগ্রস্ত হয়।

ক্ষতিগ্রস্ত বিদ্যালয়গুলো হচ্ছে সদর উপজেলায় ১৫টি, কমলগঞ্জ উপজেলায় ১টি এবং কুলাউড়া উপজেলায় ১১টি।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ বিদ্যালয়সমূহ সত্বর সংস্কারের উদ্যোগ না নিলে এ জেলার প্রাথমিক শিক্ষার পরিবেশ বিঘ্নিত হবে।

—আমিনুর রশিদ